গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০৯০০.০০১.১২.০০১.২৩.৪০ তারিখঃ ০৭ ফাল্গুন, ১৪৩০ / ২০ ফেব্রুয়ারি, ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট এর ২১ জানুয়ারি ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০২৮.১৫-১৩ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতনস্কেল, ২০১৫ ও প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত ভোলা জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৩ | ৫ |
| ০১ | উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বের সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর) | গ্রেড-১৩ ১১,০০০-২৬,৫৯০/- | ০২ (দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং- এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা; এবং<br>(ঘ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল- ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২. | সার্টিফিকেট সহকারী | গ্রেড: ১৬তম ৯,৩০০-২২,৪৯০/- | ০৩ (তিন) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল- ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩. | লাইব্রেরি সহকারী | গ্রেড: ১৬তম ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর তফসিল- ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলী:

১. আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্ব-হস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) অথবা জেলা প্রশাসক, ভোলা এর ওয়েব পোর্টালের (www.bhola.gov.bd) নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি রঙিন পাসপোর্ট ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে প্রার্থীর নাম লিখতে হবে;

২. আবেদনপত্র আগামী ২৫/০৩/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, ভোলা বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পুর্ণ, ত্রুটিপুর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে;

(চলমান পাতা-০২)

৩. খামের উপর প্রার্থীর পদের নাম ও কোটার নাম (যদি থাকে) উল্লেখ করতে হবে;

৪. পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ট্রেজারী চালানে সরকারী কোষাগারে/ব্যাংকে কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ এ জমা প্রদান করত: চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে;

৫. প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৬. উল্লেখিত পদসমূহ পূরণের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্ত গত ০৪/১০/২০১৮ তারিখের ০৫.০০.০০০০০.১৭০.১১.১৮-২৭৬ নম্বর পরিপত্র অনুসরণ করা হবে;

৭. আবেদন ফরম এ প্রার্থীর মোবাইল নম্বর বাধ্যতামূলকভাবে লিখতে হবে;

৮. প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকিটযুক্ত ৯.৫ × ৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

৯. প্রার্থী কোন সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না;

১০. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগবিধি এবং সরকারি নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

১১. কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১২. কোন তথ্য গোপন করলে কিংবা তথ্যের স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিলে ব্যর্থ হলে তা প্রার্থীর অযোগ্যতা/ নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে;

১৩. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন;

১৪. চূড়ান্তভাবে বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিত তার নিয়োগ বাতিল বলে বিবেচিত হবে;

১৫. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার ও শর্টহ্যান্ডের প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত সনদপত্রের (যদি থাকে) মূলকপি আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে;

১৬. বিবাহিতা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

১৭. আবেদন ফরমে ১৭ নম্বর কলামে প্রার্থীদের শর্ট হ্যান্ড ও কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য উল্লেখ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);

১৮. আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে ( প্রযোজ্য ক্ষেত্রে); এবং

১৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(আরিফুজ্জামান)
জেলা প্রশাসক
ভোলা।
ফোন: ০২৪৭৮৮৯৪৪০০
ই-মেইল: dcbhola@mopa.gov.bd